

জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব প্রনব কুমার কর্মকার, জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর।
সভার তারিখ ও সময় : ১৫/১২/২০২২ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান : জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর এর সভাকক্ষ।
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন, কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতপর: সভাপতির অনুমতিক্রমে সহকারী মৎস্য কর্মকর্তা, ও বিকল্প কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি, শরীয়তপুর আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন অব্যাহত রয়েছে। তিনি আরো জানান যে, ২০২২-২৩ অর্থবছরের উপজেলা পর্যায়ে ১ম প্রান্তিকের অগ্রগতি প্রতিবেদন গত ২৮/০৯/২০২২ খ্রি. তারিখে জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর মহোদয় বরাবর প্রেরণ করা হয়।

০২। কমিটির সদস্য স্ট্রাকচারিকার কাজ কম্পিউটার অপারেটর জনাব মোহাম্মদ হাব্বুন অর রশিদ জানান বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০২২-২৩ মোতাবেক দপ্তরের ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে। তিনি আরো বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভা আয়োজন করা হয়েছে এবং অত্র দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে কর্মবন্টনের অফিস আদেশ জারি করা হয়েছে। তিনি এ মাসে অংশীজনের নিয়ে ২য় সভা করার প্রস্তাব করেন।

০৩। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অংশ হিসেবে সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর সমূহ ওয়েব পোর্টালের দৃশ্যমান করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি উপজেলা পর্যায়ে ২য় প্রান্তিকের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনও যথসময়ে জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শরীয়তপুর বরাবর প্রেরণ এবং ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে তাগিদ প্রদানের বিষয়ে নির্দেশ প্রদান করেন।


০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-০১: আগামী ২৮/১২/২০২২ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ এবং ওয়েব পোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বর সমূহ ওয়েব পোর্টালের দৃশ্যমান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০২: চলতি মাসে সুবিধাজনক সময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-০৩: একেজো/অপ্রয়োজনীয় মালামাল বিনষ্টকরণ ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে দপ্তরের কর্ম-পরিবেশ উন্নয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রনব কুমার কর্মকার)
জেলা মৎস্য কর্মকর্তা

ও

সভাপতি ও ফোকাল পয়েন্ট
জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি
শরীয়তপুর


পত্র নং-৩৩.০২.৮৬০০.৪০০.৪৫.০২৬.২২-২৮৮/১(০২)

তারিখঃ ১৫/১২/২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, উত্তরা, ঢাকা।

০২। সংশ্লিষ্ট নথি।






জেলা মৎস্য কর্মকর্তা
শরীয়তপুর

পরিশিষ্ট 'ক'

জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) সভার উপস্থিতি

তারিখঃ ১৫/১২/২০২২ খ্রি.

স্থানঃ জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর এর অফিস কক্ষ।

ক্রমিক	নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ	০১৭১৭১৮৩১১১		
০২	জনাব মোঃ হজরত আলী	০১৭২৬৭৮১৪১৫		
০৩	জনাব মোহাম্মদ হারুন অর রশিদ	০১৭১৬৫০১৯৮৯		
০৪	জনাব মোঃ হানিফ মিয়া	০১৭৬২৮১২৪৪৪	